# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SIXTH SEMESTER TAKE-HOME TEST/ ASSIGNMENT, JULY 2020**

**THIRD YEAR [BATCH 2017-20]**

Starting Date & Time : 11-07-2020 at 11 am

Closing Date & Time : 12-07-2020 at 11 am

**BENGALI (Honours)**

**Paper : VIII & IX**

Full Marks : 50+50

## PAPER-VIII

যে-কোনো **পাচঁটি** প্রশ্নের উত্তর দাও। (৫ × ১০)

১। ‘নবান্ন’ নাটকের নামকরণের সার্থকতা আলোচনা করো।

২। ‘নবান্ন’ নাটকের প্রধান সমাদ্দার চরিত্রটি সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।

৩। ‘বাকি ইতিহাস’ নাটকের মধ্যবিত্তের মানসিক সীমাবদ্ধতার যে ছবিগুলি প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

৪। ‘বাকি ইতিহাস’ নাটকে নারীর মানসিকতা এবং সামাজিক অবস্থানের প্রসঙ্গগুলি বাদল সরকার কীভাবে উপস্থিত করেছেন তার ব্যাখ্যা দাও।

৫। দেশভাগের মতো ঘটনার প্রবল আঘাতটিও হজম করতে হয়েছে দরিদ্র মানুষকেই। সচ্ছলেরা থেকে গেছেন তুলনায় নিরাপদ অবস্থানে। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘মধুবন্তী’ গল্প এই সত্যটিই চিনিয়ে দেয় আমাদের। আলোচনা করো।

৬। বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতি, তৃতীয় বিশ্বের সংখ্যা গরিষ্ঠ সাধারণ মানুষের কাছে যেন এক প্রহসন। প্রথম বিশ্ব সেদিকে তাকিয়ে দেখে কেবল। স্বপ্নময় চক্রবর্তীর ‘আর্সেনিক ভূমি’ সেকথাই বলতে চেয়েছে। ব্যাখ্যা করো।

৭। সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় বৈচিত্র্যের বিস্তার প্রসঙ্গে আলোচনা করো।

৮। সামাজিক ‘আমি’র অসুখ মোচনার্থে সংবেদী ভূমিকায় নিয়ত অনুধ্যানে মগ্ন শঙ্খ ঘোষ — আলোকপাত করো।

৯। ‘মে দিনের কবিতা’য় কবি সময়কে কীভাবে ধরতে চেয়েছেন, তা আলোচনা করো।

১০। অমিতাভ চক্রবর্তী তাঁর ‘আমার নাম ভারতবর্ষ’ কবিতায় দেশ চেতনার যে ব্যতিক্রমী তাৎপর্য নির্মাণ করতে চেয়েছেন, তার স্বরূপ আলোচনা করো।

১১। বাংলা সাহিত্য থেকে একটি করে উদাহরণের সাহায্যে রবীন্দ্রনাথ ঠাকুরের ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধানুসারে, ‘বিস্ময়’, ‘প্রেম’ ও ‘কল্পনা’ বিষয়গুলি বুঝিয়ে দাও।

১২। রবীন্দ্রনাথ ঠাকুর ‘সাহিত্যের বিচারক’ প্রবন্ধে লিখেছিলেন, ‘এইজন্যই সাহিত্য ঠিক প্রকৃতির আরশি নহে। কেবল সাহিত্য কেন, কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে।’ — তুমি কি এই মত সমর্থন করো? তোমার ‘হ্যাঁ’ অথবা ‘না’ যুক্তিসহ প্রতিষ্ঠা করো।

১৩। সংস্কৃত অলংকারতাত্ত্বিকদের ধ্বনিতত্ত্ব সম্পর্কিত উপস্থাপনার ক্রমবিকাশ আলোচনা করো।

১৪। তোমার পঠিত যে-কোনো দুটি কাব্যাংশের ভিত্তিতে ধ্বনির স্বরূপ আলোচনা করো।

## PAPER-IX

### বিভাগ - ক

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও। (৩ × ১০)

১৫। প্রাদেশিক সাহিত্য হিসেবে প্রাগাধুনিক যুগের অসমিয়া সাহিত্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৬। গুজরাট প্রদেশের প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো।

১৭। হিন্দি সাহিত্যের প্রাগাধুনিক যুগ সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।

১৮। অ্যাংলো-স্যাক্সন পর্বের সময়সীমা এবং এই পর্বের সাহিত্য রচনা সম্পর্কে আলোচনা করো।

১৯। শেক্সপীয়রের নাট্য প্রতিভা সম্পর্কে আলোচনা করো।

২০। ভারতীয় সমাজ ও সাহিত্যে রামায়ণের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২১। কালিদাসের কবিত্ব ও কল্পনাশক্তি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২২। কালিদাসের নাট্যপ্রতিভার পরিচয় দাও।

## বিশেষপত্র

### বিভাগ - খ (কথাসাহিত্য)

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

২৩। ''এ কাহিনি একজন বাহিরির গল্প নয়, ভারতবর্ষের অগণিত বাহিরিদের গল্প। কিংবা বলা উচিত, এ উপন্যাস আদৌ বাহিরিদের গল্প নয়, প্রকৃতপক্ষে আমাদেরই গল্প।'' — ঔপন্যাসিকের এই মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

২৪। বংশীকে আদর ও আশ্রয় দিয়েছিলেন দয়াময়ী। বংশীর প্রতি তাঁর নিভৃত মমত্বই দয়াময়ীর চরিত্রটিকে দ্বন্দ্বদীর্ণ করে তুলেছে। — আলোচনা করো।

২৫। 'বাহিরি' উপন্যাসে উচ্চবিত্ত হতে চাওয়া মধ্যবিত্ত ভদ্রলোকের প্রতিনিধিত্ব করছে সঞ্জয়। চরিত্রটি ব্যাখ্যা করে উক্তিটির যথার্থ বিচার করো।

২৬। নকশাল আন্দোলনের প্রতিক্রিয়া এবং অভিঘাতের যে ছবি 'হাজার চুরাশির মা' উপন্যাসে উপস্থাপিত হয়েছে তার স্বরূপ আলোচনা করো।

২৭। 'হাজার চুরাশির মা' উপন্যাসের আখ্যানশৈলীর বিশিষ্টতা আলোচনা করো।

২৮। ব্যক্তিক মুক্তি, পারিবারিক মুক্তি, সামাজিক মুক্তি — এই তিনটি প্রসঙ্গ 'হাজার চুরাশির মা' উপন্যাসে খুঁজে পাও কি? আলোচনা করো।

### বিভাগ - খ (তুলনামূলক সাহিত্য)

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

২৯। 'প্লেগ' এবং 'পুতুলনাচের ইতিকথা' এই দুটি উপন্যাসের কেন্দ্রীয় বিষয় প্রতিষ্ঠানবিরোধী লড়াই। তুমি কি একমত? তোমার ব্যাখ্যা দাও।

৩০। আধ্যাত্মিক বিশ্বাস এবং বিজ্ঞানমনস্কতার দ্বন্দ্ব 'প্লেগ' ও 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাস দুটিতে উপস্থাপিত হয়েছে। কিন্তু এই দ্বন্দ্বের স্বরূপ উভয় উপন্যাসে কি একইরকম ভাবে উপস্থিত হয়েছে? নাকি উপন্যাস দুটিতে উক্ত দ্বন্দ্বের মাত্রাগত ফারাক রয়েছে? তোমার অভিমত জানাও।

৩১। 'প্লেগ' উপন্যাসের ডাক্তার রিয়্যো এবং 'পুতুলনাচের ইতিকথা'-র শশী ডাক্তার সংশ্লিষ্ট উপন্যাস দুটির অন্তিমে ভিন্ন ভিন্ন উপলব্ধিতে পৌঁছেছেন। দুই চিকিৎসক শেষ পর্যন্ত যে যে উপলব্ধিতে উপনীত হতে পেরেছিলেন তার অন্তর্বর্তী পার্থক্য আলোচনা করো।

৩২। এলিয়টের 'ওয়েস্ট ল্যান্ড' কবিতার মধ্যে ধ্বংস ও তার উত্তরণের ছবির তুলনা বাংলা সাহিত্যে পেয়ে থাকলে সে সম্পর্কে লেখো।

৩৩। 'ওয়েস্ট ল্যান্ড' কবিতার একেবারে শেষের অংশটির সঙ্গে ভারতীয় দর্শন ও জীবন ভাবনার তুলনামূলক ছবি উপস্থিত করো।

৩৪। 'ওয়েস্ট ল্যান্ড' কবিতা বুঝিয়ে দেয় যে, কবিও ক্রান্তদর্শী। বাংলা কবিতার জগতে এমন উদাহরণ অনেক। একটি তুলনামূলক আলোচনায় বিষয়টি উপস্থাপন করো।

## বিভাগ - খ (নাটক)

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

৩৫। মোহিত চট্টোপাধ্যায়ের 'কাঁথা' নাটকে ভিন্ন প্রজন্মের মানুষের মনস্তত্ত্বের প্রকাশ ঘটিয়েছেন নাটককার। মনস্তত্ত্বের সেই রূপগুলি বিশ্লেষণ করো।

৩৬। গঠনবৈশিষ্ট্যের বিচারে 'পোকামাকড়ের কুটুম' যথার্থ অণুনাটক হয়ে উঠেছে কি? তোমার ব্যাখ্যা দাও।

৩৭। 'হট্টমালার ওপারে' নাটকে বাদল সরকার ভিন্ন দুই রাষ্ট্র ব্যবস্থার কথা জানিয়েছেন। এই দুই রাষ্ট্রকাঠামোর পার্থক্যের যে প্রসঙ্গগুলি নাটকে পাওয়া যাচ্ছে তার আলোচনা করো।

৩৮। 'অলীকবাবু' নাটকে যে সমাজভাবনার সঙ্গে আমরা পরিচিত হয়েছি তা সংক্ষেপে আলোচনা করো।

৩৯। 'অলীকবাবু' নাটকটির মূল চরিত্র 'অলীকবাবু' কতখানি বাস্তবসম্মত চরিত্র হয়ে উঠেছে তার মূল্যায়ন করো।

৪০। 'অলীকবাবু' নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

———— × ————